



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.৯৩

তারিখ: ৬ জৈষ্ঠ ১৪২৮

২০ মে ২০২১

বিষয়: চলতি বোরো/২০২১ মৌসুমে ধান-চাল সংগ্রহ সফলকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ে স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০১.২১.৮৮, তারিখ: ০৩/০৫/২০২১ খ্রি:

২। খাদ্য মন্ত্রণালয়ে স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০১.২১.৮৯, তারিখ: ০৪/০৫/২০২১ খ্রি:

৩। খাদ্য মন্ত্রণালয়ে স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০১.২১.৯১, তারিখ: ০৬/০৫/২০২১ খ্রি:

৪। খাদ্য মন্ত্রণালয়ে স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০১.২১.৯২, তারিখ: ০৭/০৫/২০২১ খ্রি:

৫। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২১.৮৬ তারিখ: ১৮/০৫/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি বোরো/২০২১ মৌসুমের আওতায় গত ২৮/০৪/২০২১ খ্রি: তারিখ থেকে ৬.৫০ লাখ মেঃটন ধান ও ০৭/০৫/২০২১ খ্রি: তারিখ থেকে ১০.০০ লাখ মেঃট সিন্ধ চাল সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। যা আগামী ১৬/০৮/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত চলবে। উক্ত লক্ষ্যমাত্রার বিপরীতে ১৯/০৫/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত যথাক্রমে ২৫,২৭২ মেঃটন ধান ও ৭৮,৩১৭ মেঃটন সিন্ধ চাল সংগৃহীত হয়েছে। সংগ্রহের হার যথাক্রমে শতকরা ৩.৮৮ ভাগ ও ৭.৮৩ ভাগ।

বিভাগিতিক সংগ্রহের তথ্য পর্যালোচনাত্তে দেখা যায় সংগ্রহের গতি অত্যন্ত মন্তব্য, যা মোটেই কাম্য নয়। ধান সংগ্রহের এরূপ পরিস্থিতিতে উর্ধ্বতন কর্তৃপক্ষ অসংতোষ প্রকাশ করেছেন। উল্লেখ্য যে, ধান-চাল সংগ্রহ ত্রান্বিত করার জন্য সূত্রস্থ স্মারকসমূহে নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু ধান-চাল সংগ্রহের গতি আশানুরূপ পরিলক্ষিত হচ্ছে না। সরকার ধান-চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনে দৃঢ় প্রতিজ্ঞ এবং সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বাধ্যবাধকতা রয়েছে। বিধায় ধান-চাল সংগ্রহের ক্ষেত্রে ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তাগণকে আরো সক্রিয় ও তৎপর থেকে সংগ্রহ কার্যক্রম সফল করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, তার বিভাগের জেলাসমূহের খাদ্য গুদামে ধান-চাল সংগ্রহে নিয়োজিত ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ করা হলো। ধান-চাল সংগ্রহ কাজে নিয়োজিত কোন ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তার অবহেলা বা শৈথিল্য পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা হিসেবে তাকে গুদামের দায়িত্ব থেকে প্রত্যাহারপূর্বক তদস্থলে দক্ষ, যোগ্য ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তা পদায়ন করতে হবে এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তার পদায়নের ক্ষেত্রে প্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

২০-৫-২০২১

শেখ মুজিব রহমান

মহাপরিচালক


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.৯৩/১(১১)

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৮  
২০ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) সিল্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



২০-৫-২০২১

শেখ মুজিবর রহমান

মহাপরিচালক